গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.cca.gov.bd

স্মারক নং- ৫৬.০৩.০০০০.০০১.১১.০৩১.১৯-১২৫৭

তারিখ: ২৬ ভাদ্র ১৪২৭ / ১০ সেপ্টেম্বর ২০২০

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)-এর কার্যালয়ের ১৩-১৬তম গ্রেডের নিম্নবর্ণিত শূন্য পদসমূহে অস্থায়ী ভিত্তিতে জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকগণের নিকট হতে নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে।

| ক্রমিক | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | যোগ্যতা | যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না |
|---|---|---|---|---|
| ১. | পি.এ-কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>বেতন স্কেল টাকা ১১০০০-২৬৫৯০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৩ নং স্কেল) | ১টি | ক) স্বীকৃতি বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক বা সমমানের ডিগ্রী;<br>খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং ডাটা এন্ট্রি ও টাইপিং ইত্যাদির সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ এবং বাংলায় ২৫ শব্দ। | নরসিংদী, গোপালগঞ্জ, মাদারীপুর, কিশোরগঞ্জ, টাঙ্গাইল, ময়মনসিংহ, নোয়াখালী, নাটোর, কুড়িগ্রাম, বাগেরহাট, মেহেরপুর ও ভোলা জেলা ব্যতিত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।<br><br>**তবে এতিমখানার নিবাসী ও শারীরিক প্রতিবন্ধি কোটার জন্য সকল জেলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।** |
| ২. | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>বেতন স্কেল টাকা ৯৩০০-২২৪৯০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৬ নং স্কেল) | ২টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে; | |
| ৩. | গাড়িচালক<br>বেতন স্কেল টাকা ৯৩০০-২২৪৯০/-<br>(জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৬ নং স্কেল) | ১টি | (ক) কোনো স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) ড্রাইভিং লাইসেন্স:<br>হালকা গাড়ি চালনার বৈধ হালকা ড্রাইভিং লাইসেন্স;<br>(গ) অভিজ্ঞতাসম্পন্ন চালকগণ অগ্রাধিকার পাইবেন; এবং<br>(ঘ) সরকারি যানবাহন অধিদপ্তরের কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯ মোতাবেক তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। | |

**আবেদনের শর্তাবলীঃ**

০১। সকল প্রার্থীকে অনলাইনে https://erecruitment.bcc.gov.bd ওয়েব সাইটের মাধ্যমে আগামী ১৫ সেপ্টেম্বর, ২০২০ হতে ০৬ অক্টোবর, ২০২০ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে আবেদন করতে হবে। অনলাইন (online) ব্যতিত অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

০২। অনলাইনে আবেদনের জন্য https://erecruitment.bcc.gov.bd ওয়েব সাইটে প্রবেশ করে প্রথমে নিবন্ধন করতে হবে। নিবন্ধনের জন্য ই-মেইল ও মোবাইল নম্বর আবশ্যক। নিবন্ধন সম্পন্ন হওয়ার পর নিবন্ধনকারীর ই-মেইলে e-Recruitment কর্তৃক ই-মেইল এবং পাসওয়ার্ড প্রেরণ করা হবে। প্রাপ্ত ই-মেইল এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করে আবেদনের প্রয়োজনীয় ধাপ সম্পন্ন করতে হবে। (প্রয়োজনে সংশ্লিষ্ট ওয়েব সাইট হতে নিবন্ধন ম্যানুয়াল ও আবেদন ম্যানুয়াল অনুসরণ করতে হবে) এবং সদ্য তোলা পাসপোর্ট সাইজের ১ কপি রঙ্গিন ছবি আপলোড করতে হবে।

০৩। আবেদনকারীর বয়স ০১ সেপ্টেম্বর, ২০২০ তারিখে বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে, মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেফিট গ্রহণযোগ্য নয়।

০৪। আবেদনকারীগণ পরীক্ষার ফি বাবদ ১০০ (একশত) টাকা DBBL Mobile Banking/bKash-এর মাধ্যমে অনলাইনে (সংশ্লিষ্ট ওয়েবসাইটের পেমেন্ট অপশনের নির্দেশনা অনুসরণ করতে হবে) প্রদান করতে হবে।

০৫। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ, অভিজ্ঞতা সনদের মূল কপি, ১ম শ্রেণির (৯ম গ্রেড) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/ পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ ও মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীকে সাময়িক সনদ এবং গেজেটের মূল কপি সংঙ্গে আনতে হবে। উল্লেখ্য যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হলে আবেদনকারী যে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা এই মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন এর ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভা মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সঙ্গে আনতে হবে।

০৬। সরকারী/ আধা-সরকারী/স্বায়ত্ত্বশাসিত সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের অনুমতিপত্র মৌখিক পরীক্ষার সময় দাখিল করতে হবে।

০৭। পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্র এবং ওয়েব সাইটের মাধ্যমে জানানো হবে। প্রবেশপত্র https://erecruitment.bcc.gov.bd থেকে ডাউনলোড করা যাবে।

০৮। সরকারের সার্কুলার/ আদেশ অনুযায়ী সকল প্রকার কোটাপদ্ধতি যথাযথভাবে অনুসরণ করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞাপিত পদের সংখ্যা হ্রাস /বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৯। অনলাইনে (online) আবেদনের ক্ষেত্রে প্রার্থীর অবশ্যই ই-মেইল একাউন্ট ও মোবাইল নম্বর থাকতে হবে (ই-মেইল একাউন্ট ও মোবাইল নম্বর ছাড়া e-Recruitment System এ রেজিস্ট্রেশন হবে না)।

১০। ত্রুটিপূর্ণ /অসম্পূর্ণ আবেদনপত্র কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই বাতিল বলে গণ্য হবে। পরীক্ষা/সাক্ষাৎকারের জন্য প্রার্থীগণ কোনো ভ্রমণভাতা বা দৈনিকভাতা প্রাপ্য হবেন না ।

১১। অত্র বিজ্ঞপ্তি ও নিয়োগ সংক্রান্ত সকল তথ্য সিসিএ কার্যালয়ের ওয়েবসাইটে (www.cca.gov.bd) পাওয়া যাবে।

10/09/2020

মুহাম্মদ মিজানুর রহমান সরকার
উপ-নিয়ন্ত্রক (অর্থ, প্রশাসন ও আইন)
ও
সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি
ফোন: +৮৮-০২-৮১৮১৭০৯